সোনালী ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন (শাখা-১)

নং-এইচআরএমডি/ওএমডি/শাখা-১/৪৯৪০ তারিখঃ ০৪ জুলাই, ২০২৩

# পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

সোনালী ব্যাংক পিএলসি., ইন্ডিয়া অপারেশন, ভারত এর কোলকাতা শাখায় এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার পদে ১ জন ও প্রিন্সিপাল অফিসার পদে ২ জন এবং শিলিগুড়ি শাখায় প্রিন্সিপাল অফিসার পদে ১ জন অর্থাৎ মোট ৪ জন নির্বাহী/কর্মকর্তাকে ৩ বছরের জন্য নিয়োগ ও বদলির লক্ষ্যে সোনালী ব্যাংক পিএলসি.-তে কর্মরত এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও প্রিন্সিপাল অফিসারগণের নিকট হতে নিম্নরূপ যোগ্যতা অনুযায়ী আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

**প্রার্থীগণের যোগ্যতাঃ**

১। সোনালী ব্যাংক পিএলসি.-এ এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও প্রিন্সিপাল অফিসার পদে কর্মরত থাকতে হবে এবং প্রার্থীর বয়স **১৬ এপ্রিল, ২০২৩** তারিখে এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার এর ক্ষেত্রে অনুর্ধ্ব ৪৮ বছর এবং প্রিন্সিপাল অফিসার এর ক্ষেত্রে অনুর্ধ্ব ৩৭ বছর হতে হবে।

২। শিক্ষাগত যোগ্যতাঃ

ক. প্রার্থীকে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে।

খ. যে কোনো পর্যায়ে ন্যূনতম দুইটি পরীক্ষায় প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে।

(গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে এস.এস.সি. বা সমমান এবং এইচ.এস.সি. বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব প্রথম বিভাগ হিসেবে গণ্য হবে। অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ পয়েন্ট স্কেলে ৩.০০ বা তদূর্ধ্ব এবং ৫.০০ পয়েন্ট স্কেলে ৩.৭৫ বা তদূর্ধ্ব প্রথম বিভাগ/শ্রেণি হিসেবে গণ্য হবে।)

গ. শিক্ষা জীবনে কোনো ৩য় বিভাগ/শ্রেণি/সমমান বিবেচনাযোগ্য হবে না।

ঘ. প্রার্থীর Valid (2 years) IELTS স্কোর (General Training Module-এ ব্যান্ড স্কোর) কমপক্ষে ৬.০০ থাকতে হবে।

৩। প্রার্থীদের ব্যাংকিং ডিপ্লোমা (উভয় পর্ব) পাস থাকতে হবে।

৪। প্রার্থীদের শাখা পর্যায়ে বৈদেশিক বাণিজ্য (Foreign Exchange) সংক্রান্ত কাজে ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

৫। Certified Documentary Credit Specialist (CDCS) উত্তীর্ণদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৬। সন্তান সংখ্যা দুই জন হলে অগ্রাধিকার প্রদান করা হবে। সন্তান সংখ্যা দুই এর অধিক হলে অতিরিক্ত কোনো সন্তানের জন্য যাতায়াত ভাতা, দৈনিক ভাতা অথবা অন্য কোনো প্রকার সুযোগ সুবিধা প্রদান করা হবে না।

৭। আইসিটি (Information and Communication Technology) বিষয়ে (কম্পিউটার পরিচালনা, ইংরেজি ও বাংলা টাইপিং, ই-মেইলসহ সাধারণ করেসপন্ডেন্স এবং এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট প্রভৃতি) সম্যক ধারণা থাকতে হবে।

৮। প্রার্থীর সমগ্র চাকুরিকাল ভাল ও স্বচ্ছ হতে হবে। প্রার্থীর সমস্ত চাকুরীকালে কোনো গ্রেডে শাস্তিপ্রাপ্ত হলে তাকে মনোনয়নের জন্য বিবেচনা করা হবে না।

৯। কোনো কর্মকর্তা/নির্বাহী এ ব্যাংকে কর্মরত অবস্থায় একবার সোনালী ব্যাংক পিএলসি. এর বিদেশস্থ শাখা/প্রতিনিধি অফিস/সাবসিডিয়ারী কোম্পানিতে নিয়োগ ও বদলিপ্রাপ্ত হলে উক্ত কর্মক্ষেত্র হতে ফেরত আসার ন্যূনতম ৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়া সাপেক্ষে তিনি আবেদন করতে পারবেন।

**আবেদনকারীগণ কর্তৃক তথ্য/প্রমাণপত্রাদি দাখিলঃ**

আবেদনকারীগণকে আবেদনপত্রে নিম্নরূপ তথ্য সন্নিবেশ করে এতদসংক্রান্ত সনদ/প্রমাণপত্রাদি দাখিল করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার বিবরণ (সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপিসহ)ঃ

| পরীক্ষা/ডিগ্রীর নাম | পাশের সাল | বিশ্ববিদ্যালয়/বোর্ড | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/সমমান |
|---|---|---|---|

খ) অভিজ্ঞতা (শাখার নাম ও সময়কাল উল্লেখপূর্বক) ও প্রশিক্ষণ এর বিবরণঃ

| বাংলাদেশের যে কোনো শাখায় শাখা প্রধান/ম্যানেজার হিসেবে অভিজ্ঞতা | শাখা পর্যায়ে বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত কাজে অভিজ্ঞতা | শাখা পর্যায়ে বৈদেশিক রেমিটেন্স সংক্রান্ত কাজে অভিজ্ঞতা | বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক রেমিটেন্স সংক্রান্ত প্রশিক্ষণ |
|---|---|---|---|

গ) প্রফেশনাল ডিগ্রী/পিএইচডি/প্রশিক্ষণ সংক্রান্ত সার্টিফিকেটের (যদি থাকে) সত্যায়িত ছায়ালিপি;

ঘ) IELTS সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি;

ঙ) চাকুরী জীবনে অপরাধ ও শাস্তি ভোগ করেছেন কি না? করে থাকলে তার বিবরণ (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত);

চ) শাখা পর্যায়ে বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক রেমিটেন্স সংক্রান্ত কাজে অভিজ্ঞতার সপক্ষে সংশ্লিষ্ট শাখা প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র, যা জেনারেল ম্যানেজার প্রধান স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা ব্যতীত অন্যান্য শাখার ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে;

ছ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি;

জ) মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা।

ইংরেজিতে লিখিত আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন, সোনালী ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়, ঢাকা-এ সরাসরি/কুরিয়ার এবং ই-মেইল ঠিকানাঃ gmhrmd@sonalibank.com.bd এ **আগামী ০৩ আগস্ট, ২০২৩ তারিখের মধ্যে** দাখিল করা যাবে।

উল্লেখ্য, উপযুক্ত প্রার্থীগণকে লিখিত Short Composition Test ও আইসিটি সংক্রান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতঃ উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে প্রতিটি পদের বিপরীতে সর্বোচ্চ পাঁচজনকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ প্রদান করা হবে।

(মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী)

জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন ও

সদস্য-সচিব, বাছাই কমিটি।